

সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ২০২৩ শিক্ষাবর্ষে সাপ্তাহিক ছুটি ছাড়াও ৭৬ দিন ছুটি রেখে প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) সিনিয়র সহকারী সচিব মোসাম্মৎ রহিমা আক্তারের সই করা প্রজ্ঞাপনে এ ছুটিসহ পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়।

এতে বলা হয়েছে, শুক্র ও শনিবার ছাড়া স্কুলগুলোতে মোট ৭৬ দিন ছুটি থাকবে। এর মধ্যে ঈদুল ফিতরসহ অন্য ছুটি থাকবে ২৩ মার্চ থেকে ২৭ এপ্রিল টানা ২৬ দিন, ঈদুল আজহার ছুটি ২৫ জুন থেকে ৫ জুলাই ৯ দিন, গ্রীষ্মকালীন অবকাশ ২০ জুলাই থেকে ২ আগস্ট টানা ১০ দিন ও দুর্গাপূজার ছুটি ২০ অক্টোবর থেকে ২৮ অক্টোবর টানা ৫ দিন।

advertisement

পরীক্ষার সময়সূচিতে বলা হয়েছে, অর্ধবার্ষিক বা প্রাক নির্বাচনী পরীক্ষা হবে ১ জুন থেকে ১৮ জুন। বার্ষিক পরীক্ষা ২৩ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর। আর মাধ্যমিক পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা হবে ১ অক্টোবর থেকে ১৬ অক্টোবর।

advertisement 4

পৃথক প্রজ্ঞাপনে ২০২৩ সালের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছুটির তালিকা প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। নতুন বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫৪ দিন ছুটি থাকবে। এ ছাড়া শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকছে।